গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
ssrc.portal.gov.bd

স্মারক নম্বরঃ ২০.০০.০০০০.৩০৯.০২.১১৬.২২/১২৬

তারিখঃ ১৫ ফেব্রুয়ারি, ২০২৩
০২ ফাল্গুন, ১৪২৯

বিষয়ঃ সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের ২০২৪-২৫ অর্থ বছরের জন্য নূতন গবেষণা আহ্বানের উদ্দেশ্যে ক্ষেত্র ও উপক্ষেত্র নির্ধারণ এবং এ উদ্দেশ্যে বিশেষজ্ঞ দল গঠন বিষয়ে সভার কার্যবিবরণী প্রেরণ।

পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের ২০২৪-২৫ অর্থ বছরের জন্য নূতন গবেষণা আহ্বানের উদ্দেশ্যে ক্ষেত্র ও উপক্ষেত্র নির্ধারণ এবং এ উদ্দেশ্যে বিশেষজ্ঞ দল গঠন বিষয়ে সভা গত ০২ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (পিটিসি) মহোদয়ের সভাপতিত্বে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী কার্যক্রমের জন্য নির্দেশক্রমে এতদসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

১৫/০২/২০২৩
(মো: লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

*বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):*

১। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
২। সহকারী পরিচালক, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। গবেষণা কর্মকর্তা (সকল), সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। সহকারী সচিব (সকল), সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। ডকুমেন্টেশন অফিসার, বঙ্গবন্ধু কর্নার ও ডকুমেন্টশন সেন্টার, পরিকল্পনা বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক নম্বরঃ ২০.০০.০০০০.৩০৯.০২.১১৬.২২/১২৬

তারিখঃ ১৫ ফেব্রুয়ারি, ২০২৩
০২ ফাল্গুন, ১৪২৯

*অনুলিপি সদয় অবগতির জন্যঃ*

১। যুগ্মসচিব (পিটিসি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা।
২। গবেষণা অনুসন্ধানী, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরেবাংলা নগর, ঢাকা (এসএসআরসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অফিস কপি।

১৫/০২/২০২৩
(মো: লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
www.ssrc.portal.gov.bd

**বিষয়ঃ পরিকল্পনা বিভাগের সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ এর ২০২৪-২৫ অর্থবছরের জন্য নূতন গবেষণা আহ্বানের উদ্দেশ্যে ক্ষেত্র ও উপক্ষেত্র নির্ধারণ সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ মোঃ খোরশেদ আলম
যুগ্মসচিব (পিটিসি)
তারিখঃ ০২ ফেব্রুয়ারি ২০২৩
সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা
স্থানঃ সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সভা কক্ষ, পরিকল্পনা বিভাগ
উপস্থিতিঃ পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিকল্পনা বিভাগের যুগ্মসচিব (পিটিসি) সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর আলোচ্য বিষয়ের উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১.০ | **২০২৪-২৫ অর্থ বছরের জন্য নূতন গবেষণা আহ্বানের উদ্দেশ্যে ক্ষেত্র ও উপক্ষেত্র নির্ধারণ এবং গবেষণার ক্ষেত্র নির্ধারণের জন্য বিশেষজ্ঞদল গঠনঃ**<br><br>সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের উপসচিব জনাব কামরুজজামান জানান যে, বিগত কয়েকটি অর্থবছরে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের নূতন গবেষণা গ্রহণের লক্ষ্যে গবেষণা ক্ষেত্র এবং তথ্য গ্যাপ সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, সকল রিসার্চ সেন্টার ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, এনজিও ও আইএনজিও এবং সকল জেলা প্রশাসকের নিকট ক্ষেত্রভিত্তিক চাহিদা যাচাই সমীক্ষা পরিচালনার মাধ্যমে তথ্য প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হতো। এতে গবেষণার জন্য মানসম্মত ক্ষেত্র/উপক্ষেত্র বা গবেষণা আহবানের জন্য গুণগত তথ্য/উপাত্ত পাওয়া যেত না এবং সবার নিকট হতে তথ্য পেতে অনেক সময় ব্যয় হতো। এর ফলে গত অর্থবছরে বিশেষজ্ঞ গবেষক দলের সমন্বয়ে ওয়ার্কশপ করে ২০২৩-২০২৪ অর্থবছরে জন্য গবেষণা মঞ্জুরি প্রদানের লক্ষ্যে গবেষণা প্রস্তাবনা আহ্বানের নিমিত্ত ক্ষেত্র এবং উপক্ষেত্র নির্বাচন করা হয়েছে। গত অর্থবছরের ন্যায় ২০২৪-২৫ অর্থবছরের জন্য বিশেষজ্ঞ দলের মাধ্যমে ওয়ার্কশপ করে নূতন গবেষণা আহ্বানের উদ্দেশ্যে প্রাথমিকভাবে ক্ষেত্র ও উপক্ষেত্র নির্ধারণ করার জন্য এ সভা আহ্বান করা হয়েছে। | ২০২৪-২৫ অর্থবছরের জন্য গবেষণা আহ্বানের পূর্বে বিশেষজ্ঞ দলের মাধ্যমে ওয়ার্কশপ করে গবেষণার Topic নির্ধারণ করতে হবে। | সহকারী সচিব-১ এবং গবেষণা কর্মকর্তা-১ |

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

| | | | |
|---|---|---|---|
| ১ (ক) | সভাপতি জানান যে, রাষ্ট্রের প্রয়োজন অনুযায়ী গবেষণা নিতে হবে। গবেষণা Need based হতে হবে। বিশেষ করে ফেলোশীপ, প্রাতিষ্ঠানিক ও প্রমোশনাল গবেষণার কিছু অংশ নির্বাচনের ক্ষেত্রে বিষয়টি খেয়াল রাখতে হবে। গবেষণা শেষে দেখতে হবে এর মাধ্যমে Value for money অর্জিত হচ্ছে কিনা? বিগত ৫০ বছরে এসএসআরসি কর্তৃক পরিচালিত গবেষণা কর্মসমূহ সরকারের কি কি কাজে লেগেছে তা নির্ধারণ করতে হবে। গবেষণা কর্মকর্তা জনাব মোঃ সাখাওয়াত হোসেন ও জনাব রাজু আহমাদ, জানান যে, গবেষণা আহব্বানের সময় ক্ষেত্র/উপক্ষেত্র না দিয়ে যে সকল গবেষণা রাষ্ট্রের প্রয়োজন সেগুলোর Topic নির্ধারণ করে সে অনুযায়ী বিজ্ঞপ্তি দিলে প্রয়োজনমত গবেষণা পাওয়া যাবে। এ সকল গবেষণা সরকারের পলিসি গ্রহণে সহায়ক ভূমিকা রাখবে। | ওয়ার্কশপ এর পূর্বে Need based গবেষণার জন্য Topic নির্ধারণ করতে হবে। | উপসচিব (এসএসআরসি), সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা (সকল), সহকারী সচিব (সকল) এবং ডকুমেন্টেশন অফিসার |
| ১ (খ) | সভাপতি আরও জানান যে, সুনির্দিষ্ট ৮/১০টি বিষয় নির্ধারণ করে গবেষকদের কাছ হতে মতামত চেয়ে নেয়া যেতে পারে। বিষয় নির্ধারণের সময় নিম্নবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করা যেতে পারেঃ<br><br>(১) গবেষণা গ্রহণের সময় খেয়াল রাখতে হবে যে, সেগুলো যেন Plan Document তৈরি করার কাজে লাগে। এক্ষেত্রে সাধারণ অর্থনীতি বিভাগ থেকে গবেষণার Topic নেয়া যেতে পারে;<br>(২) পরিকল্পনা কমিশনের ১৫টি সেক্টরের ১৫টি রিসার্চ ওয়ার্ক করা যেতে পারে;<br>(৩) কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের প্রধান জনাব মোঃ সাইদুজ্জামান এর নিকট থেকে ADP/RADP বিষয়ে গবেষণার প্রয়োজনীয় চাহিদা নেয়া যেতে পারে;<br>(৪) সাধারণ অর্থনীতি বিভাগ সম্পর্কিত বিষয়ে প্রধান (অবঃ) জনাব মোঃ মফিদুল ইসলাম এর নিকট থেকে গবেষণার প্রয়োজনীয় চাহিদা নেয়া যেতে পারে;<br>(৫) ভৌত অবকাঠামো বিভাগ সম্পর্কিত বিষয়ে জনাব মামুন আল রশীদ, সচিব (পিআরএল) এর নিকট হতে গবেষণার প্রয়োজনীয় চাহিদা নেয়া যেতে পারে;<br>(৬) আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ সম্পর্কিত বিষয়ে জনাব মাকসুদা হোসেন, যুগ্ম-প্রধান এবং ড. মোহাম্মদ আমজাদ হোসেন, উপ-প্রধান এর নিকট হতে গবেষণার প্রয়োজনীয় চাহিদা নেয়া যেতে পারে;<br>(৭) শিল্প ও শক্তি বিভাগ সম্পর্কিত বিষয়ে জনাব উম্মে সায়মা, উপ-প্রধান এর নিকট হতে গবেষণার প্রয়োজনীয় চাহিদা নেয়া যেতে পারে;<br>(৮) বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান হতে রিসার্চ ডাইরেক্টর ড. মঞ্জুর হোসেন এর কাছ থেকে গবেষণার Topic নেয়া যেতে পারে। | ওয়ার্কশপ আয়োজনের পূর্বে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরসমূহ ও বিআইডিএস এর সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট হতে গবেষণার প্রয়োজনীয় Topic সংগ্রহ করতে হবে। | যুগ্মসচিব(পিটিসি), উপসচিব(এসএসআরসি), সহকারী পরিচালক এবং গবেষণা কর্মকর্তা-১ |

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

| | | | |
|---|---|---|---|
| ১ (গ) | এসএসআরসির মাধ্যমে ১ম পরিকল্পনা কমিশনের সদস্যদের ছবি ও তথ্য সংগ্রহ করে বঙ্গবন্ধু কর্নারে স্থাপন করা যেতে পারে। | এসএসআরসির মাধ্যমে প্রথম বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সদস্যদের ছবি ও তথ্য সংগ্রহ করে বঙ্গবন্ধু কর্নারে স্থাপন করতে হবে। | ডকুমেন্টেশন অফিসার |
| ১ (ঘ) | এসএসআরসিকে মাঠ পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য ০৮টি বিভাগে সেমিনার করা যেতে পারে। | এসএসআরসিকে মাঠ পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য ০৮টি বিভাগে সেমিনার করতে হবে। | সহকারী সচিব-১ |
| ১ (ঙ) | জেলা পর্যায়ে যে সকল উন্নয়ন প্রতিষ্ঠান আছে তাদেরকে নিয়ে প্রাতিষ্ঠানিক গবেষণা করা যায় কিনা তা দেখা যেতে পারে। | জেলা পর্যায়ে যে সকল উন্নয়ন প্রতিষ্ঠান আছে তাদেরকে নিয়ে প্রাতিষ্ঠানিক গবেষণা করা যায় কিনা তা দেখতে হবে। | গবেষণা কর্মকর্তা-২ |
| ১ (চ) | Best Resesrcher দের একটি তালিকা তৈরি করা যেতে পারে। | Best Resesrcher দের একটি তালিকা তৈরি করতে হবে। | গবেষণা কর্মকর্তা-৩ |
| ১ (ছ) | বিশেষজ্ঞ দল গঠন ও গবেষণার Topic নির্ধারণের জন্য পুনরায় সভা আহ্বান করা যেতে পারে। | বিশেষজ্ঞ দল গঠন ও গবেষণার Topic নির্ধারণের জন্য পুনরায় সভা আহ্বান করতে হবে। | গবেষণা কর্মকর্তা-১ |

২.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

মোঃ খোরশেদ আলম
যুগ্ম সচিব (পিটিসি)
পরিকল্পনা বিভাগ